

“অফিস ভাড়ার চুক্তিপত্র দলিল”

চুক্তির মেয়াদ	: ৩ (তিন) বছর
চুক্তির তারিখ	: ০১/০২/২০১৮ইং হইতে ৩১/০১/২০২১ইং
অগ্রীম	: ১,০০,০০০/= (এক লক্ষ) টাকা।
ভাড়া	: ২০,৫০০/= (বিশ হাজার পাঁচ শত) টাকা।

অদ্য ০১/০২/২০১৮ইং তারিখ হইতে এই ভাড়াটিয়া চুক্তিপত্র দলিল কার্যকর হইল।

নাম:....., পিতা:.....ঠিকানা:..... জাতীয়তা- বাংলাদেশী, ধর্ম-
ইসলাম, পেশা- ব্যবসা।

প্রথম পক্ষ/বাড়ীর মালিক।

নাম:....., পিতা:.....ঠিকানা:..... জাতীয়তা- বাংলাদেশী, ধর্ম-
ইসলাম, পেশা- ব্যবসা।

দ্বিতীয় পক্ষগণ/ ভাড়াটিয়াগণ।

(পাতা-২)

-ঃ চুক্তির শর্তাবলীঃ-

- ১। এই ভাড়টিয়া চুক্তিনামা দলিল ০১/০২/২০১৮ইং তারিখ হইতে কার্যকর হইবে এবং ৩১/০১/২০২১ইং তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে। উক্ত মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর প্রথম পক্ষ ও দ্বিতীয় পক্ষগণ সমঝোতার মাধ্যমে পুনরায় মেয়াদ বৃদ্ধি বা ভাড়া নির্ধারণ করিবেন।
- ২। উক্ত বাড়ীতে এম. বি. কটন ট্রেডার্সের অফিস ও গার্মেন্টস এক্সেসরিজ, পোশাক, উৎপাদন ও সরবরাহকারী প্রতিষ্ঠান হিসাবে ব্যবহৃত হবে এবং এখানে কোনরকম ক্ষয়ক্ষতি অথবা কোন দুর্ঘটনা ঘটিলে ১ম পক্ষ (বাড়ী ওয়ালা) দায়ী থাকিবে না।
- ৩। উলিখিত অফিস ঘরের অগ্রীম জামানত বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ধার্য করা হইল। যা চুক্তিপত্রের মেয়াদ শেষাল্/ অপরিহার্য পরিস্থিতে ইতি টানিলে এম. বি. কটন ট্রেডার্সের স্বত্বাদীকারীকে অগ্রীম জামানত প্রদান করা হবে।
- ৪। অফিস ঘরের মাসিক ভাড়া ২০,৫০০/- (বিশ হাজার পাঁচশত) টাকা ধার্য করা হইল এবং দ্বিতীয় পক্ষগণ ধার্যকৃত ভাড়া প্রথম পক্ষকে চলতি ইংরেজি মাসের ১০ থেকে ১৫ তারিখের মধ্যে পরিশোধ করিবেন। যাহা জামানতের টাকা হইতে কর্তন করা যাবে না।
- ৫। দ্বিতীয় পক্ষগণ উক্ত অফিস ঘরে শুধুমাত্র কোম্পাণীর বৈধ ব্যবসার কাজে ব্যবহার করিবেন, অন্য কোন ব্যক্তিকে সাবলেট ভাড়া দিতে পারিবেন না, এন.জি.ও অফিস করিতে পারিবেন না। প্রতিষ্ঠানের কোন প্রকার ক্ষয়-ক্ষতি হলে পরিচালনাকারী হিসেবে আমরা দ্বিতীয়পক্ষের উল্লেখিত দুইজন দায়ী থাকিব।
- ৬। দ্বিতীয় পক্ষগণ উলিখিত অফিস ঘরটির সম্পত্তি অক্ষত অবস্থায় রাখিবেন এবং উহার কোন আকৃতি, প্রকৃতি পরিবর্তন বা পরিবর্ধণ করিতে পরিবেন না এবং উহার কোন ক্ষতিসাধন করিতে পরিবেন না।

(পাতা-৩)

- ৭। দ্বিতীয় পক্ষগণ উল্লেখিত অফিস ঘরে কোন দাহ্য বস্তু, ভারী জিনিসপত্র বা মালামাল রাখিতে পারিবেন না এবং আইন বহির্ভূত কোন কাজ করিতে পারিবেন না।
- ৮। উল্লেখিত অফিস ঘরে প্রতিবেশীদের অসুবিধা সৃষ্টি করিয়া দ্বিতীয় পক্ষগণ কোন কিছু করিতে পারিবেন না এবং অত্র চুক্তির বহির্ভূত কোন কাজ দ্বিতীয় পক্ষগণ করিলে তাহার জন্য প্রথম পক্ষ দায়ী থাকিবে না।
- ৯। অফিস ঘরে যাবতীয় খরচ যেমন — প্রতি মাসের ইলেকট্রিক বিল, পানির বিল, দ্বিতীয়পক্ষের পরিচালনাকারী হিসেবে উল্লেখিত দুইজন বহন করিবে।
- ১০। ২য় পক্ষগণ/ভাড়াটিয়াগণ পর পর তিন মাসের ভাড়া পরিশোধ করিতে ব্যর্থ হইলে এই চুক্তিপত্র দলিল বাতিল বলিয়া গণ্য হইবে এবং তাকে উচ্ছেদ নোটিশ প্রদান করিলে ১ম পক্ষ চুক্তি নবায়ন করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১১। অপরিহার্য পরিস্থিতিতে যে কোন পক্ষ অপর পক্ষকে চুক্তিকালীণ সময়ের মধ্যে যে কোন সময় ৩ (তিন) মাসের নোটিশে চুক্তির ইতি টানিতে পারিবেন।

এতদ্বার্তে স্বেচ্ছায়, স্ব-জ্ঞানে, সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনা প্ররোচনায় অত্র দলিল পাঠ করিয়া উহার মর্ম অবগত হইয়া উপস্থিত স্বাক্ষরকারী স্বাক্ষাগণের মোকাবেলায় আমরা উভয় পক্ষ অত্র দলিল সহি স্বাক্ষর করিয়া সম্পাদন করিলাম। ইতি, তাং-

স্বাক্ষাগণের স্বাক্ষরঃ

১।

প্রথম পক্ষ বাড়ীর মালিকের স্বাক্ষর

১।

২।

২।

৩।

দ্বিতীয় পক্ষগণ/ভাড়াটিয়াগণের স্বাক্ষর

৪।